কোটচাঁদপুরে কৃষকদের মাঝে বিনামূল্যে কৃষি উপকরণ বিতরণ

ফসলের উৎপাদন বৃদ্ধির লক্ষ্যে কোটচাঁদপুরে কৃষকদের মাঝে বিনামূল্যে কৃষি উপকরণ বিতরণ করেছেন স্থানীয় কৃষি অফিস। আজ সোমবার সকালে স্থানীয় কৃষি অফিসের সামনে থেকে এ সব উপকরণ দেয়া হয়।

সংশ্লিষ্ট সুত্রে জানা যায়,ফসলের উৎপাদন বৃদ্ধির লক্ষ্যে কোটচাঁদপুরে কৃষকদের মাঝে বিনামূল্যে কৃষি উপকরণ বিতরণ করেন স্থানীয় কৃষি অফিস। যার মাসকলাই ও গ্রীষ্মকালীন পেঁয়াজের বীজ।

২০২৪-২৫ অর্থবছরে খরিপ-২ মৌসুমে প্রণোদনা কর্মসূচির আওতায় ফসলের আবাদ ও উৎপাদন বৃদ্ধির লক্ষ্যে কৃষকদের মাঝে এ সব তুলে দেয়া হয়।

এ সময় উপস্থিত ছিলেন, কোটচাঁদপুর উপজেলা নির্বাহী কর্মকর্তা উছেন মে, কৃষি কর্মকর্তা রাজিবুল হাসান, মৎস্য কর্মকর্তা সঞ্জয় কুমার,কৃষি সম্প্রসারণ কর্মকর্তা মোঃ টিপু সুলতান।

এ ছাড়া উপস্থিত ছিলেন, উপকারভোগী কৃষক ও উপজেলার বিভিন্ন দপ্তরের কর্মকর্তা কর্মচারীরা।

মুজিবনগরে কৃষকদের মাঝে রোপা আমন ধানের বীজ বিতরণ

মুজিবনগরে কৃষকদের মাঝে রোপা আমন ধানের উৎপাদন বৃদ্ধির লক্ষ্যে প্রণোদনা কর্মসূচির উদ্বোধন অনুষ্ঠিত হয়েছে।

আজ সোমবার (১৫ জুলাই) বেলা সাড়ে ১২টার দিকে উপজেলা প্রশাসন ও উপজেলা কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের আয়োজনে, উপজেলা পরিষদ চত্বরে ২০২৩-২৪ অর্থ বছরে খরিপ-২/মৌসুমে রোপা আমন ধানের উৎপাদন

বৃদ্ধির লক্ষে আমন ধান বীজ এবং রাসায়নিক সার বিতরণের উদ্বোধন করা হয়।

মুজিবনগর উপজেলা নির্বাহী অফিসার (ভারপ্রাপ্ত) এবং উপজেলা সহকারী কমিশনার (ভূমি) নাজমুস সাদাত রত্ন এর সভাপতিত্বে উপজেলা পরিষদের চেয়ারম্যান আমাম হোসেন মিলু প্রধান অতিথি হিসাবে উপস্থিত থেকে এই বীজ বিতরণের উদ্বোধন করেন।

এ সময় উপস্থিত ছিলেন উপজেলা কৃষি অফিসার আব্দুল মোমিন, উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা মোহাম্মদ রকিবউদ্দিন, উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা সেলিম রেজা, উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকতা মাশরুবা আলম, বাগোয়ান ইউনিয়ন পরিষদের সদস্য ও প্যানেল চেয়ারম্যান বাবুল মল্লিকসহ উপজেলা কৃষি অফিসের কর্মকর্তা ও কর্মচারীবৃন্দ।

২০২৩-২৪ অর্থ বছরে খরিপ-২/মৌসুমে রোপা আমন ধানের উৎপাদন বৃদ্ধির লক্ষে কৃষি প্রণোদনার আওতায় উপজেলার ৬ শত কৃষককে ১০ কেজি আমন ধান বীজ ১০ কেজি ডিএপি এবং ১০কেজি এমওপি সার বিতরণ করা হবে।

আলমডাঙ্গায় কৃষকদের মাঝে বিনামূল্যে বীজ ও সার সহায়তা প্রদান

আলমডাঙ্গা কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের উদ্যোগে ২০২৩- ২০২৪ অর্থবছরে খরিপ- ২/২৪-২৫ মৌসুমে রোপা আমন ধান বৃদ্ধির জন্য কৃষকদের মাঝে বিনামূল্যে বীজও সার সহায়তা প্রদান কর্মসূচির শুভ উদ্বোধন করা হয়েছে।

আজ বৃহস্পতিবার কৃষি অফিস চত্বরে আনুষ্ঠানিকভাবে শুভ উদ্বোধন করেন অনুষ্ঠানের প্রধান অতিথি উপজেলা নির্বাহী অফিসার স্নিগ্ধা দাস।

উপজেলা কৃষি অফিসার কৃষিবিদ রেহানা পারভীনের সভাপতিতে বিশেষ

অতিথি ছিলেন উপজেলা উপজেলা ভাইস চেয়ারম্যান মাসুম বিল্লাহ, মহিলা ভাইস চেয়ারম্যান মনিরা খাতুন, প্রাণিসম্পদ কর্মকর্তা ডাক্তার আব্দুল্লাহিল কাফি, উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা এ এম মাহমুদ শাহরিয়ার, ইউ আর সি ইন্সপেক্টর জামাল হোসেন, উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা মাকসুরা জান্নাত, প্রকল্প বাস্তবায়ন কমর্কর্তা এনামুল হক, বিআরডিবি কর্মকর্তা শায়লা শারমিন।

উপজেলা উপসহকারী কৃষি অফিসার আব্দুর রফিকের পরিচালনায় বক্তব্য রাখেন উপসহকারী কৃষি কর্মকর্তা হুমায়ুন কবির, উপসহকারী কৃষি কর্মকর্তা মেহেদী হাসান, উপসহকারী কৃষি কর্মকর্তা খাদিমুল বাশার, উপসহকারী কৃষি কর্মকর্তা আমজাদ হোসেন, উপসহকারী কৃষি কর্মকর্তা মমিনুর রহমান, উপসহকারী কৃষি কর্মকর্তা রজনী আফরোজ।

এবারে ১৬২০ জন কৃষকদের মাঝে ৫ কেজি বীজ, ১০ কেজি এমওপি, ১৫ টি উপজেলায় ১৬২০ জন কৃষকের মাঝে পর্যায় ক্রমে সার বীজ বিতরণ করা হবে।

মিরপুরে কৃষকদের মাঝে বিনামূল্যে বীজ ও সার বিতরণ

আওয়ামী লীগ সরকার ক্ষমতায় এলে দেশে কৃষিতে বিপ্লব ঘটে বলে জানিয়েছেন কুষ্টিয়া-২ (মিরপুর-ভেড়ামারা) আসনের সংসদ সদস্য মোঃ কামারুল আরেফিন।

তিনি বলেন, কৃষিবান্ধব সরকার ক্ষমতায় রয়েছে বলেই কৃষকদের এখন আর সার নিয়ে সমস্যা হয় না। আওয়ামী লীগ সরকার ক্ষমতায় এলে দেশে কৃষিতে বিপ্লব ঘটে।

আজ বুধবার সকালে মিরপুর উপজেলা কৃষি অফিস চত্বরে ২০২৪-২০২৫ মৌসুমে (অর্থ বছর ২০২৩-২০২৪) উফশী আউশ ধান,পাট গ্রীষ্মকালীন পেয়াজের আবাদ ও উৎপাদন বৃদ্ধির লক্ষ্যে কৃষি প্রণোদনার আওতায় ক্ষুদ্র ও প্রান্তিক কৃষকের মধ্যে বিনামূল্যে বীজ ও রাসয়নিক সার বিতরণকালে প্রধান অতিথির বক্তব্যে তিনি এসব কথা বলেন।

তিনি আরও বলেন, জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের কৃষিবান্ধব নীতি মেনেই সরকার কৃষি উন্নয়নে বিভিন্নখাতে ভর্তুকি দিচ্ছে। আর কৃষি খাতে ভর্তুকি দেয়ায় কৃষকরা কৃষি কাজে উদ্বুদ্ধ হয়েছে বলেই বাংলাদেশ আজ খাদ্য ঘাটতির দেশ থেকে খাদ্য উদ্বৃত্তের দেশে পরিনত হয়েছে।

মিরপুর উপজেলা নির্বাহী কর্মকর্তা (ইউএনও) বিবি করিমুন্নেসার সভাপতিত্বে এসময় উপস্থিত ছিলেন মিরপুর উপজেলা পরিষদের চেয়ারম্যান (ভারপ্রাপ্ত) আবুল কাশেম জোয়ার্দ্দার, মিরপুর উপজেলা কৃষি অফিসার কৃষিবিদ আব্দুল্লাহ আল মামুন, অতির্কি কৃষি অফিসার মতিয়র রহমান, উদ্ভিদ সংরক্ষণ অফিসার মাহিরুল ইসলাম, মিরপুর উপজেলা কৃষি সম্প্রসারণ অফিসারসহ সংশ্লিষ্টরা।

মিরপুর উপজেলা কৃষি অফিসার কৃষিবিদ আব্দুল্লাহ আল মামুন জানান, মিরপুর উপজেলাতে ৭ হাজার ৪০০জন কৃষককে ৫ কেজি করে উফশী আউশ বীজ ও ১০ কেজি ডিএপি ও ১০ কেজি এমওপি সার এবং ২ হাজার ৭শ জন কৃষককে উফশী পাটবীজ প্রত্যেককে এক কেজি করে এবং ৫০ জন কৃষককে এক কেজি করে গ্রীষ্মকালীন পেয়াজ বীজ বিতরণ করা হয়।

দামুড়হুদায় কৃষকদের মাঝে বিনামূল্যে সার বীজ বিতরণের উদ্বোধন

দামুড়হুদায় ২০২৩-২৪ অর্থবছরে রবি মৌসুমে কৃষি প্রণোদনা কর্মসূচির আওতায় ৩ হাজার ৩৯০ জন ক্ষুদ্র ও প্রান্তিক কৃষকের মধ্যে গম, ভুট্টা, সরিষা, শীতকালীন পেঁয়াজ, মুগ, মসুর ও খেসারি ফসলের আবাদ উৎপাদন বৃদ্ধির লক্ষে বিনামূল্যে বীজ ও রাসায়নিক সার বিতরণ করা হয়েছে।

আজ বৃহস্পতিবার বেলা ১১ টায় উপজেলা প্রশাসন ও কৃষি সম্প্রসারণ অধিদপ্তর দামুড়হুদা অফিসের আয়োজনে উপজেলা পরিষদ চত্বরে বিতরণ কার্যক্রমের উদ্বোধন করা হয়।

জেলা কৃষি কর্মকর্তা বিভাস চন্দ্রের সভাপতিত্বে বিতরণ অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন উপজেলা পরিষদের চেয়ারম্যান মোঃ আলী মুনছুর বাবু। বিশেষ অতিথি হিসাবে উপস্থিত ছিলেন দামুড়হুদা উপজেলা নির্বাহী অফিসার রোকসানা মিতা।

এসময় আরো উপস্থিত ছিলেন- উপজেলা মহিলা ভাইস চেয়ারম্যান শাহিদা খাতুন, দামুড়হুদা উপজেলা কৃষি কর্মকর্তা শারমিন সুলতানা।

অনুষ্ঠানে বিঘাপ্রতি ২০ কেজি করে গম বীজ, ১০ কেজি ডিএপি সার ও ১০ কেজি এমওপি সার; কৃষককে ২ কেজি করে ভুট্টা বীজ, ২০ কেজি ডিএপি সার ও ১০ কেজি এমওপি সার; কৃষককে ১ কেজি করে সরিষা বীজ, ১০ কেজি ডিএপি সার ও ১০ কেজি এমওপি সার; ১ কেজি করে শীতকালীন পেঁয়াজ বীজ, ১০ কেজি ডিএপি সার ও ১০ কেজি এমওপি সার; কৃষককে ৫ কেজি করে মুগ বীজ, ১০ কেজি ডিএপি সার ও ৫ কেজি এমওপি সার; কৃষককে ৫ কেজি করে মসুর বীজ, ১০ কেজি ডিএপি সার ও ৫ কেজি এমওপি সার প্রদান করা হয়।

দামুড়হুদায় কৃষকদের মাঝে বিনামূল্যে সার-বীজ বিতরণ

দামুড়হুদায় কৃষকদের মাঝে বিনামূল্যে সার -বীজ বিতরণ অনুষ্ঠান কার্যক্রমের শুভ উদ্বোধন করা হয়েছে।

আজ বেলা সাড়ে ১২ টার দিকে উপজেলা পরিষদ চত্বরে প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে এই কার্যক্রমের শুভ উদ্বোধন করেন চুয়াডাঙ্গা-২ আসনের মাননীয় সাংসদ সদস্য হাজী মোঃ আলী আজগার টগর (এমপি)।

বর্তমান সরকার কৃষি বান্ধব সরকার উল্লেখ করে এমপি বলেন,সরকার কৃষিকে আধুনিক ও বানিজ্যিক ভাবে লাভবান করতে কৃষকদের মাঝে বঙ্গবন্ধু কন্যা মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা সরকার কৃষকদের বিনামূল্যে সার -বীজ সহ বিভিন্ন উপকরণ বিতরণ করে চলছেন,এতে কৃষকরা নতুন নতুন চাষাবাদে উদ্বুদ্ধ হচেছ।ফলে দেশের মানুষের ভাগ্য উন্নয়ন হচ্ছে। তিনি আরও বলেন, দেশকে এগিয়ে নিতে হলে কৃষিকে

বিশেষ গুরুত্ব দিতে হবে, যেটি আমাদের সরকার করছে।

অনুষ্ঠানে কৃষকদের উদ্দেশ্যে স্বাগত বক্তব্য রাখেন দামুড়হুদা উপজেলা কৃষি অফিসার শারমিন আক্তার। কৃষকদের বিষমুক্ত নিরাপদ ও পুষ্টি সমৃদ্ধ ফসল উৎপাদন করতে আহব্বান জানিয়ে তিনি বলেন,বর্তমান সরকার কৃষি ও কৃষকদের সার্বিক উন্নয়নে কাজ করে যাচ্ছেন।কৃষি ও কৃষকদের কল্যানে প্রনোদনার অংশ হিসাবে সরকার কোটি কোটি টাকা ব্যায়ে সার,বীজ সহ বিভিন্ন কৃষি উপকরণ দিয়ে আসছেন।

দামুড়হুদা উপজেলা নির্বাহী অফিসার রোকসানা মিতা’র সভাপতিত্বে সমবায় অফিসার হারুণ অর রশিদের সঞ্চালনায় উদ্ভোধনী অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন,কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের উপপরিচালক বিভাস চন্দ্র সাহা,উপজেলা পরিষদের চেয়ারম্যান আলি মুনছুর বাবু, দর্শনা পৌর মেয়র মো:আতিয়ার রহমান হাবু।

অন্যদের মাঝে উপস্থিত ছিলেন,উপজেলা প্রশাসনের বিভিন্ন দপ্তরের দপ্তর প্রধান,উপসহকারী কৃষি কর্মকর্তাবৃন্দ,উপকারভোগী কৃষকসহ স্থানীয় রাজনৈতিক ব্যাক্তিবর্গ প্রমুখ।